

# স্বাগতম

# মোঃ খাইরুল আমিন মুন্সী

প্রভাষক

ব্যবস্থাপনা বিভাগ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ,

কুমিল্লা।

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-প্রথমপত্র

# অধ্যায় -৬: পণ্য ডিজাইন

# আজকের পাঠ




★ **পণ্য ডিজাইন**





# নিচে বিভিন্ন ডিজাইনের মটরবাইকের ছবি দেওয়া আছে।















# পাঠ ঘোষণা :

পাঠ শিরোনাম :

পণ্য ডিজাইন

পণ্য ডিজাইনের বৈশিষ্ট্য

পণ্য ডিজাইনের গুরুত্ব

পণ্য ডিজাইনের পর্যায়

পণ্য ডিজাইনের প্রকারভেদ

# ষষ্ঠ অধ্যা

পণ্য উৎপাদন করার পূর্বেই পণ্যের আকার , রং, ওজন , প্যাকেজসহ বিভিন্ন গুণাগুণ ও বৈশিষ্ট্য নির্ধারণ করাকেই পণ্যের ডিজাইন বলে। পণ্য ডিজাইনের মাধ্যমে আকর্ষনীয়তা বৃদ্ধি পায় এবং ব্যবসায়ের ইমেজ বৃদ্ধি পায়।






# পণ্য ডিজাইনের বৈশিষ্ট্য

## বৈশিষ্ট্য সমূহ :

১। কম্পিউটার ভিত্তিক

২। রক্ষণাবেক্ষণ

৩।নমনীয়তা

৪।মান সুদৃঢ়করণ

৫।বিক্রয়োত্তর সেবা

৬।পণ্য সংযোজন

৭।পণ্যমূল্য হ্রাস

# বিস্তারিত

**প্রযুক্তি নির্ভর :** প্রতিযোগিতায় টিকে থাকfর জন্য পণ্যটিকে অবশ্যই প্রযুক্তি নির্ভর হওয়া উচিত। কারণ কম্পিউটার হল সর্বশেষ প্রযুক্তি ।

**নমনীয়তা :**পণ্য ডিজাইনের অন্যতম বৈশিষ্ট্য হল এটি অবশ্যই নমনীয় হতে হবে । কারণ ভোক্তার রুচি যে কোন সময় পরিবর্তন হতে পারে।

**পণ্যমূল্য :** পণ্যের ডিজাইন এমন হওয়া উচিত যাতে পণ্য মূল্য ভোক্তাদের ক্রয়ক্ষমতার বাইরে চলে না যায় ।

**বিক্রয়োত্তর সেবা :** ইহা পণ্য ডিজাইনের একটি উত্তম বৈশিষ্ট্য । এতে ভোক্তারা খুব খুশি হয় ।

**পণ্য সংযোজন :** পণ্য সংযোজন পণ্য ডিজাইনের একটি অন্যতম রূপ । ক্ষুদ্র ক্ষুদ্র অংশের সমন্বয়ে পণ্য ডিজাইন হওয়া উচিত ।

পণ্য ডিজাইনের গুরুত্ব নিচের ছকে দেখানো হল

পণ্য ডিজাইনের
গুরুত্ব

আকর্ষণ সৃষ্টি
উৎপাদন ব্যয় হ্রাস
বাজার সম্প্রসারণ
রুচির পরিবর্তন
প্রযুক্তিগত পরিবর্তন

নতুন সুযোগ সৃষ্টি
সুনাম রুক্ষা
জীবনযাত্রার মান উন্নয়ন
স্থায়ী ক্রেতা সৃষ্টি
ইমেজ সৃষ্টি

# বিস্তারিত :

আকর্ষণ সৃষ্টি : পণ্যের আকার রং ও মানের পরিবর্তনের কারণে এটি ক্রেতার নিকট আকর্ষণীয় হয়ে উঠে।

উৎপাদন ব্যয় হ্রাস : পণ্য ডিজাইনের মাধ্যমে উৎপাদন পদ্ধতিতে পরিবর্তন আনা সম্ভব হয় ।ফলে অপচয় কমে এবং উৎপাদনশীলতা বৃদ্ধি পায়।

নতুন সুযোগ সৃষ্টি : পণ্য ডিজাইনের ফলে বাজারে ক্রেতাদের নতুন উপযোগ ও সুযোগ সৃষ্টি করে ।

সুনাম রক্ষা : বর্তমান যুগে চাহিদার সাথে সামঞ্জস্য রেখে নতুন পণ্য উন্নয়ন বা নতুন ডিজাইন বাজারে পণ্যের সুনাম সৃষ্টি করে।

জীবনযাত্রার মান উন্নয়ন : পণ্য ডিজাইনের পরিবর্তনের কারণে মানুসের জীবনযাত্রার মানের ও উন্নয়ন ঘটে।

# ষষ্ঠ অধ্যায়

## (পণ্য ডিজাইনের পর্যায়)

পণ্য ডিজাইন একটি ধারাবাহিক কাজ। কারন একটি পণ্য একবার ডিজাইন করা হলে তা বাজারে দীর্ঘদিন টিকিয়ে রাখা যায় না। প্রতিযোগি কোম্পানীগুলো বাজারে টিকে থাকার জন্য নতুন ডিজাইনের পণ্য বাজারে এনে বাজার দখলের চেষ্টা করে । তাই কোম্পানীকে পণ্য ডিজাইন করতে কিছু পর্যায় বা প্রক্রিয়া অনুসরণ করতে হয় । নিচে পণ্য ডিজাইনের পর্যায় বা স্তর ছকে দেখানো

উদ্যোগ গ্রহন → ধারণা উন্নয়ন → সামর্থ্য বিশ্লেষণ → পরীক্ষমূলক উৎপাদন → চূড়ান্ত উৎপাদন

# Stage of product design

১. উদ্যোগ গ্রহন

২. ধারনা

৩. সামর্থ্য বিশ্লেষণ

৪. পরীক্ষামূলক উৎপাদন

৫. চূড়ান্ত উৎপাদন

# বিস্তারিত

১। উদ্যোগ গ্রহন : :পণ্য ডিজাইন প্রক্রিয়ার প্রথম ধাপ হল উদ্যোগ গ্রহন । যে কোন পণ্য ডিজাইন করতে হলে প্রতিষ্ঠানকে প্রথমে উদ্যাগ নিতে হয় ।

২। ধারণা উন্নয়ন : প্রতিষ্ঠানের উদ্যোক্তা যদি পণ্য ডিজাইন করতে চান তাহলে এক্ষেত্রে তাকে ব্যাপক ধারণা সংগ্রহ করতে হবে। ভোক্তা জরিপ ,ক্রেতার রুচি ও বাজার গবেষণার মাধ্যমে তাকে ধারণা সংগ্রহ করতে হয় ।

৩। উৎপাদনের সামর্থ্য বিবেচনা : পণ্য ডিজাইনের এ পর্যায়ে বাছাইকৃত ধারণা অনুযায়ী পণ্য উৎপাদনের সামর্থ্য বিবেচনা করতে হয় । সামর্থ্য না থাকলে পণ্য ডিজাইন কোন উপকারে আসেনা।

৪। পরীক্ষামূলক উৎপাদন : পণ্য ডিজাইনের এ পর্যায়ে নতুন ডিজাইন অনুযায়ী পণ্য ডিজাইন করা যাবে কিনা তা পরীক্ষামূলক ভাবে দেখা হয় । এক্ষেত্রে দেখা হয় নতুন ডিজাইনের পণ্যটি সন্তোষজনক হবে কিনা । পরীক্ষার ফলাফল ইতিবাচক পাওয়া গেলেই নতুন ডিজাইনটি গ্রহন করা হয় ।

৫। চূড়ান্ত উৎপাদন: ডিজাইনকৃত পণ্যটি পরীক্ষামূলক ভাবে উৎপাদন করার পর যদি তা ক্রেতা সাধারণের নিকট গ্রহন যোগ্যতা পায় তবে তা চূড়ান্তভাবে ডিজাইন অনুযায়ী পণ্য উৎপাদনের সিদ্ধান্ত নেওয়া হয় ।

# পণ্য ডিজাইনের প্রকারভেদ

পণ্যের ডিজাইন হল পণ্যের আকার,রং,মান ও,ধাচ নির্ধারণ করা ।

পণ্যের ডিজাইনের প্রকার

- ক্রিয়াগত
- নান্দনিক
- উৎপাদন
- প্যাকেজিং

- **ক্রিয়াগত ডিজাইন:** যে ডিজাইনে পণ্যের কার্যকারিতা বা উপকারিতা পরিবর্তন করা হয় তাকে ক্রিয়াগত ডিজাইন বলে।
- **নান্দনিক/রুচিসম্মত ডিজাইন:** ক্রেতা বা ভোক্তার রুচিকে প্রাধান্য দিয়ে যে ডিজাইন করা হয় তাকে নান্দনিক/রুচিসম্মত ডিজাইন বলে ।ক্রেতাদের নিকট পণ্যটিকে আকর্ষণীয় করা হয় ।মান ঠিক রেখে স্টাইল ও বাহ্যিক ডিজাইন পরিবর্তন করা হয়।
- **উৎপাদন ডিজাইন:** যে ডিজাইনের মূল লক্ষ্য হলো- নতুন উন্নত কলা-কৌশল ব্যবহার করে পণ্য বা সেবা উৎপাদন করা তাকে উৎপাদন ডিজাইন বলে।
- **প্যাকেজিং ডিজাইন:** শুধুমাত্র প্যাকিং পরিবর্তন করাকে প্যাকেজিং ডিজাইন বলে।

# উত্তম পণ্য ডিজাইনের বৈশিষ্ট্য

- ক্রেতার সন্তুষ্টি অর্জন
- ক্রেতার চাহিদা
- কম্পিউটার নির্ভরতা
- উপাকরনের যোগান
- মেরামত যোগ্যতা
- ক্ষুদ্র ও হালকা

- ব্যয়
- নমনীয়তা
- কার্যকারিতা
- বিক্রয়োত্তর সেবা
- স্থায়িত্ব
- ক্রয় ক্ষমতা

# আদর্শ পণ্য ডিজাইনের বেশিষ্ট্যগত দিক।

- এটি মেরামত যোগ্য হবে
- এটি সংযোজন যোগ্য হবে
- পুনঃডিজাইনের সুবিধা থাকবে
- এটি রক্ষনাবেক্ষন যোগ্য হবে
- এটির কম্পিউটারাইজড পরীক্ষন যোগ্যতা থাকবে।



# বাড়ির কাজ

বাংলাদেশের প্রেক্ষাপটে ঋতু ভিত্তিক এবং উৎসব ভিত্তিক পণ্য ডিজাইন করা উচিত ? এই সম্পর্কে তোমার মতামত দাও।

# Thank You All



**Stay Home**
**Stay Safe**